হতাহতের পরিবারকে ৫ লাখ টাকা করে দিতে তিতাসকে নির্দেশ

নারায়ণগঞ্জে মসজিদে গ্যাসের লিকেজ থেকে বিস্ফোরণে দগ্ধ ৩৭ জনের পরিবারকে জরুরি প্রয়োজন বিবেচনায় পাঁচ লাখ টাকা করে দিতে তিতাস গ্যাস ট্রান্সমিশন ও ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেডকে নির্দেশ দিয়েছেন হাইকোর্ট।

আদালতের আদেশ পাওয়ার সাত দিনের মধ্যে এ টাকা দিতে বলা হয়েছে। নারায়ণগঞ্জের ডিসিকে ভুক্তোভোগীদের মাঝে এ টাকা বিতরণ করতে বলেছেন আদালত।

এ সংক্রান্ত একটি রিটের শুনানি নিয়ে বুধবার বিচারপতি জেবিএম হাসান ও বিচারপতি মো. খায়রুল আলমের হাইকোর্ট বেঞ্চ বুধবার রুলসহ এ আদেশ দেন।

দগ্ধ ৩৭ জনের পরিবারকে ৫০ লাখ টাকা ক্ষতিপূরণ দিতে কেন নির্দেশ দেওয়া হবে না, জানতে চাওয়া হয়েছে রুলে।

সুপ্রিম কোর্টের আইনজীবী মার-ই-য়াম খন্দকার সোমবার জনস্বার্থে এ রিট আবেদন করেছিলেন। আদালতে রিটের পক্ষে শুনানি করেন আইনজীবী তৈমুর আলম খন্দকার। রাষ্ট্রপক্ষে শুনানি করেন অতিরিক্তি অ্যাটর্নি জেনারেল মুরাদ রেজা ও ডেপুটি অ্যাটর্নি জেনারেল নূর-উস সাদিক।

প্রসঙ্গত, গত শুক্রবার রাত সাড়ে ৮টার দিকে নারায়ণগঞ্জ শহরের পশ্চিম তল্লা এলাকায় বায়তুস সালাত জামে মসজিদে বিকট শব্দে বিস্ফোরণ ঘটে। এতে অর্ধশতাধিক মুসল্লি দগ্ধ হন।

দগ্ধ ব্যক্তিদের মধ্যে ৩৭ জনকে গুরুতর অবস্থায় ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। তাদের মধ্যে ২৮ জনের মৃত্যু হয়েছে। চিকিৎসাধীন আরও ৮ জনের অবস্থা আশঙ্কাজনক বলে জানান চিকিৎসকরা।

নেত্রকোনার গুমাই নদীতে নৌকাডুবি, ৯ লাশ উদ্ধার

নেত্রকোনার কমলাকান্দা উপজেলার গুমাই নদীতে বালুভর্তি নৌকার সঙ্গে সংঘর্ষে যাত্রীবোঝাই নৌকাডুবির ঘটনা ঘটেছে। এতে ৯ জনের মরদেহ উদ্ধার করা হলেও এখনও নিখোঁজ রয়েছেন ২৬ জন।

বুধবার বেলা ১১টার দিকে উপজেলার রাজনগর এলাকায় গুমাই নদীতে এ নৌকাডুবির ঘটনা ঘটে। তাৎক্ষণিকভাবে হতাহতদের পরিচয় জানা যায়নি।

বোড়কাপন ইউনিয়নের চেয়ারম্যান একেএম হাদিছুজ্জামান এ তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, ৩৫ যাত্রী নিয়ে নৌকাটি ধর্মপাশা উপজেলার মধ্যনগর থেকে নেত্রকোনার কাকড়গোনা এলাকায় যাচ্ছিল।

বেলা ১১টার দিকে উপজেলার রাজনগর এলাকায় গুমাই নদীতে বালুবাহী নৌকার সঙ্গে সংঘর্ষ ঘটলে যাত্রীবোঝাই নৌকাটি ডুবে যায়। ঘটনার পরই স্থানীয়রা ৯ জনের মরদেহ উদ্ধার করেছেন। এখনও নিখোঁজ রয়েছেন ২৬ জন।

নেত্রকোনা জেলা প্রশাসক কাজী আবদুর রহমান এ তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, ঘটনার পরই স্থানীয়রা ৯ জনের মরদেহ উদ্ধার করেছেন। এখনও নিখোঁজ রয়েছেন অনেকেই। জেলা ফায়ার সাভিসের ডুবুরি দলকে খবর দেয়া হয়েছে।

সূত্র- যুগান্তর

গণভবনের লেকে মাঝে মধ্যে ছিপ

নিয়ে মাছও ধরি : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, করোনার কারণে এখন সকালে একটু হাঁটি। এছাড়া সময় পেলে গণভবনের লেকে মাঝে মধ্যে ছিপ নিয়ে মাছও ধরি।

তিনি বলেন, বাবার নির্দেশ ছিল সম্মান নিয়ে মানুষের সাথে চলতে হবে। এখনো কোনো জিনিস প্রয়োজন হলে, কাজের মেয়ের কাছে জিজ্ঞাসা করি, এইটা কী আমাকে দিতে পারবে? ভালো পোশাক না পরলেই তাকে অবহেলা করতে হবে, সেই শিক্ষা বাবার কাছে পাইনি।

সকালে উঠে জায়নামাজ খুঁজি। তারপর নিজে চা বানিয়ে খাই। বোন বা মেয়ে যারা আগে ওঠে তারা চা বানায়। আমরা চেষ্টা করি নিজেদের কাজটা নিজেরা করতে। ঘুম থেকে উঠে বিছানা পরিষ্কার করি। করোনার কারণে এখন একটু হাঁটি সকালে। গণভবনের লেকে মাঝে মধ্যে ছিপ নিয়ে মাছও ধরি।

আজ বুধবার একাদশ জাতীয় সংসদের নবম অধিবেশনে জাতীয় পার্টির সংসদ সদস্য ফখরুল ইমামের সম্পূরক প্রশ্নের উত্তরে এসব কথা বলেন তিনি।

প্রধানমন্ত্রী বলেন, ইউএনওর ওপর হামলার ঘটনায় তদন্ত চলছে। কেউ বলছে চুরি, শুধু চুরি না। এখানে আর কী আছে তাও দেখা হচ্ছে। অপরাধী আমাদের চোখে অপরাধীই। কোন দল করে সেটা দেখি না।

আমি অপরাধীকে অপরাধী হিসেবেই দেখছি। এখানে আরও কিছু আছে কিনা তাও দেখা হচ্ছে। অপরাধীর অবশ্যই বিচার হবে। কারা এ ঘটনায় মদদ দিয়েছে তাও খুঁজে বের করা হবে। সংসদ সদস্যরা যাতে অপরাধীদের রক্ষার চেষ্টা না করে।

সূত্র- বিডি প্রতিদিন

১৬ সেপ্টেম্বরের মধ্যে আরো ৮৪টি ট্রেন পুনরায় চালু হচ্ছে

করোনা ভাইরাসের প্রাদুর্ভাব রোধে দীর্ঘদিন বন্ধ থাকার পর কয়েক ধাপে চালু হচ্ছে আন্তঃনগর ট্রেন। এবার তিন ধাপে পর্যায়ক্রমে আগামী ১৬ সেপ্টেম্বরের মধ্যে বিভিন্ন রুটে আরো ৮৪টি কমিউটার, মেইল, এক্সপ্রেস এবং লোকাল ট্রেন পরিচালনার সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশ রেলওয়ে। সোমবার রেলওয়ের উপপরিচালক (ট্রাফিক ট্রান্সপোটেশন) মো. খায়রুল কবির স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে জানানো হয় প্রথম ধাপে আগামী ১০ সেপ্টেম্বর থেকে চলবে চট্টগ্রাম-ঢাকা-চট্টগ্রাম রুটে কর্ণফুলী এক্সপ্রেস, আখাউড়া-ঢাকা ব্রাহ্মণবাড়িয়া, ঢাকা-আখাউড়া রুটে তিতাস কমিউটার, ঢাকা-জয়দেবপুর-ঢাকা রুটে তুরাগ কমিউটার, নারায়ণগঞ্জ-ঢাকা রুটে লোকাল ট্রেন।

দ্বিতীয় ধাপে আগামী ১৩ সেপ্টেম্বর থেকে চলবে, চট্টগ্রাম-সিলেট-চট্টগ্রাম রুটে জালালাবাদ এক্সপ্রেস, ঢাকা-সিলেট-ঢাকা রুটে সুরমা মেইল, নোয়াখালী-ঢাকা-নোয়াখালী রুটে নোয়াখালী এক্সপ্রেস, চট্টগ্রাম-বঙ্গবন্ধু সেতু পূর্ব-চট্টগ্রাম রুটে ময়মনসিংহ এক্সপ্রেস, ঢাকা-দেওয়ানগঞ্জ বাজার-ঢাকা রুটে ভাওয়াল এক্সপ্রেস, ময়মনসিংহ-বঙ্গবন্ধু সেতু পূর্ব-ময়মনসিংহ রুটে ধলেশ্বরী এক্সপ্রেস, চাঁদপুর-লাকসাম-চাঁদপুর রুটে চাঁদপুর কমিউটার, নোয়াখালী-লাকসাম- নোয়াখালী রুটে নোয়াখালী কমিউটার।

তৃতীয় ধাপে আগামী ১৬ সেপ্টেম্বর থেকে চলবে চট্টগ্রাম-নাজিরহাট-চট্টগ্রাম রুটে নাজিরহাট কমিউটার, চট্টগ্রাম- দোহাজারী রুটে লোকাল ট্রেন, মোহনগঞ্জ-ময়মনসিংহ রুটে লোকাল ট্রেন, ঝারিয়া ঝাঞ্জাইল-ময়মনসিংহ রুটে লোকাল ট্রেন, সান্তাহার-বীর মুক্তিযোদ্ধা সিরাজুল ইসলাম স্টেশন-সান্তাহার রুটে উত্তরবঙ্গ মেইল, পার্বতীপুর-বীর মুক্তিযোদ্ধা সিরাজুল ইসলাম স্টেশন রুটে কাঞ্চন কমিউটার, লালমনিরহাট-বিরল-লালমনিরহাট রুটে দিনাজপুর কমিউটার, লালমনিরহাট-বুড়িমারী রুটে বুড়িমারী কমিউটার, কুড়িগ্রাম-লালমনিরহাট রুটে কুড়িগ্রাম মেইল, রাজবাড়ী-ভাঙ্গা রুটে রাজবাড়ী এক্সপ্রেস, রাজবাড়ী-ভাটিয়াপাড়া রুটে ভাটিয়াপাড়া এক্সপ্রেস।

বিজ্ঞপ্তিতে আরো বলা হয়, যাত্রীদের সামাজিক ও শারীরিক দূরত্ব নিশ্চিত করার লক্ষ্যে কোচের ধারণক্ষমতার ৫০ শতাংশ টিকিট বিক্রয়

করতে হবে। এছাড়া, স্বাস্থ্য অধিদপ্তর থেকে জারিকৃত নির্দেশনাসমূহ ও স্বাস্থ্যবিধি মেনে ট্রেন পরিচালনা করতে হবে।

মাহবুবুল আলম হানিফ হতে যাচ্ছেন সভাপতি মণ্ডলীর সদস্য

!

শোকের মাসে আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা বড় ধরনের কোন সিদ্ধান্ত নেন না। স্বাভাবিকভাবে রুটিন কার্যক্রমগুলো চলে এবং সরকারের পক্ষ থেকেও বড় ধরণের কোন কর্মসূচি বা কর্মকাণ্ড গ্রহণ করা হয়না। শোকের মাস শেষে চলতি মাসে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বেশকিছু বড় ধরণের পদক্ষেপ নেবেন বলে সরকারের একাধিক দায়িত্বশীল সূত্র ইঙ্গিত করেছে এবং সেখানে সরকারে একটি বড় ধরণের পরিবর্তন আসতে যাচ্ছে বলেও আভাস পাওয়া গেছে।

আগামি কাল ১০ সেপ্টেম্বর বাংলাদেশ আওয়ামী লীগের নির্বাহী কমিটির সভা হওয়ার কথা রয়েছে। সেখানে এ ধরণের সিদ্ধান্ত নেওয়ার গুঞ্জন রয়েছে। পাশাপাশি দলীয় বেশ কিছু চমকপ্রদ সিদ্ধান্ত আসতেও পারে বলেও বিভিন্ন সূত্রে জানা গেছে।

মন্ত্রিসভার পাশাপাশি আওয়ামী লীগের কেন্দ্রীয় কমিটির শূন্যপদ পূরণের বিষয়ে আলোচনায় আছে। আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য মোহাম্মদ নাসিম, সাহারা খাতুন ও কেন্দ্রীয় সদস্য বদরুদ্দিন আহমেদ কামরান মারা যাওয়ায় তিনটি পদ শূন্য হয়েছে। এ ছাড়া আগে থেকেও আওয়ামী লীগের কেন্দ্রীয় কমিটিতে আরও কিছু পদ শূন্য রয়েছে। যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুবুল আলম হানিফকে সভাপতি মণ্ডলীর সদস্যসহ কয়েকজনকে এ পদে ও কেন্দ্রীয় কমিটিতে রাখা হতে পারে বলে গুঞ্জন চাউড় উঠেছে।

কয়েক মাস ধরে মন্ত্রিসভায় রদবদল হচ্ছে হচ্ছে করেও শেষ পর্যন্ত হয়নি। তবে এখন মন্ত্রিসভার রদবদলের বিষয়টি চূড়ান্ত হয়েছে বলেই আওয়ামী লীগের একাধিক দায়িত্বশীল সূত্র নিশ্চিত করেছে এবং শেষ

পর্যন্ত এটা একটি বড় ধরণের রদবদলে রূপ নিতে পারে বলে একাধিক দায়িত্বশীল সূত্র জানিয়েছে।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইতিমধ্যেই যে সমস্ত মন্ত্রীদের নিয়ে বর্তমান মন্ত্রিসভা গঠন করেছেন তাদের কার্যক্রম, তারা গত দেড় বছরে কি কি সাফল্য এবং ব্যর্থতার মুখোমুখি হয়েছেন সেই সম্পর্কে পূর্ণাংগ রিপোর্ট গ্রহণ করেছেন। কিছু কিছু মন্ত্রীর বিরুদ্ধে যে সমস্ত অভিযোগ এসেছে সেগুলো প্রধানমন্ত্রী খতিয়ে দেখেছেন। এই সমস্ত পর্যালোনার ভিত্তিতেই সিদ্ধান্ত নেওয়া হবে বলে আওয়ামী লীগের একাধিক দায়িত্বশীল সূত্র আভাস দিয়েছে।

সংশ্লিষ্ট সূত্রগুলো বলছে যে, আওয়ামী লীগের ‘বি টিম’কে দিয়ে মন্ত্রিসভা গঠন করা হয়েছিল। এবার আওয়ামী লীগ তাদের ‘এ টিম’ কে নামাবে। অন্য একটি সূত্র বলছে যে, এটা আসলে বি টিম নয়। ২০০৯ এর মন্ত্রিসভাটা ছিল আওয়ামী লীগের বি টিম। এবার যে মন্ত্রিসভা হয়েছে তা আসলে আওয়ামী লীগের ‘সি টিম’। এবার আওয়ামী লীগে যে পরিবর্তন হবে তাতে আওয়ামী লীগের যারা যোগ্য, পারফর্ম করতে পারেন এসমস্ত লোকদেরকেই মন্ত্রিসভায় অন্তর্ভুক্ত করা হবে। তবে এই মন্ত্রিসভার পরিবর্তন কবে বা কিভাবে হবে সে সম্পর্কে এখনো নিশ্চিত হওয়া যায়নি।

গত কিছুদিন ধরেই আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য মতিয়া চৌধুরীকে অত্যন্ত সরব দেখা গেছে, বিশেষ করে করোনা সঙ্কটের সময় তাঁর ভূমিকা দলের ভেতরে এবং দলের নীতিনির্ধারক মহলে প্রশংসিত হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর কার্যক্রমে খুশী বলে একাধিক শীর্ষ নেতা জানিয়েছেন। মতিয়া চৌধুরী তিন দফা আওয়ামী লীগ সরকারের মন্ত্রী ছিলেন। ১৯৯৬ থেকে ২০০১ এবং ২০০৮ থেকে টানা ২০১৮ পর্যন্ত সময়ে তিনি কৃষি মন্ত্রণালয়ের দায়িত্ব পালন করেন। কৃষিমন্ত্রী হিসেবে বাংলাদেশের ইতিহাসে সবথেকে সফল মন্ত্রী হিসেবে ছিলেন এবং এই কারণে মন্ত্রিসভায় তিনি ফিরে আসতে পারেন এমন গুঞ্জন শোনা যাচ্ছে।

শুধু বেগম মতিয়া চৌধুরী নয়, আমির হোসেন আমুরও মন্ত্রিসভায় ফিরে আসার গুঞ্জন শোনা যাচ্ছে। তবে আসলে তারা মন্ত্রিসভায় ফিরবেন কিনা এই সম্পর্কে নিশ্চিত কোন তথ্য পাওয়া যায়নি।

আওয়ামী লীগের একাধিক সূত্র বলছে যে, প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০১৮ এর ৩০ ডিসেম্বরের নির্বাচনের পর একটি আনকোরা মন্ত্রিসভা

গঠন করেছিলেন। কারণ তখনকার বাস্তবতা ছিল ভিন্ন। সেসময়ে পুরো দেশ এবং সরকার মুজিববর্ষ এবং স্বাধীনতার অর্ধশত বছর উদযাপনের প্রস্তুতি নিচ্ছিল।

টানা তৃতীয় মেয়াদে আওয়ামী লীগ সরকারের প্রধান চিন্তা ছিল মুজিববর্ষ এবং বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপনকে ঘিরে। এখন করোনা সংক্রমণের শুরুতেই আওয়ামী লীগের নীতিনির্ধারকরা মনে করছেন যে, যারা কাজ করতে পারবেন, যারা সরকারকে এগিয়ে নিয়ে যেতে পারবেন, দ্রুত সিদ্ধান্ত গ্রহণ করতে পারবেন তাঁদেরকে সামনে নিয়ে আসা প্রয়োজন। এই কারণে সাইডলাইনে বসে থাকা হেভিওয়েটদের নিয়ে আওয়ামী লীগ মন্ত্রিসভায় পরিবর্তন আনতে চাচ্ছে বলে একাধিক সূত্র আভাস দিয়েছে।

ধর্ম প্রতিমন্ত্রী শেখ মোহাম্মদ আবদুল্লাহর মৃত্যুর পর এই মন্ত্রণালয় এখন মন্ত্রীশূন্য। এ অবস্থায় ধর্ম মন্ত্রণালয়ে দ্রুততম সময়ের মধ্যে মন্ত্রী অথবা প্রতিমন্ত্রী নিয়োগ দেওয়ার বিষয়ে সরকারের উচ্চ পর্যায়ে আলোচনা চলছে বলে জানা গেছে। এ মন্ত্রণালয়কে ঘিরেই মূলত এ রদবদলের গুঞ্জন ডালপালা ছড়াচ্ছে।

সংশ্লিষ্টরা মনে করছেন, ধর্ম মন্ত্রণালয়ে কাউকে নিয়োগ দেওয়ার সময় প্রধানমন্ত্রী আরও কিছু রদবদল করতে পারেন। সূত্র জানায়, নতুন মুখ হিসেবে ঢাকার একজন বয়োজ্যেষ্ঠ সংসদ সদস্য ও উত্তরাঞ্চল থেকে একজন নতুন মন্ত্রিসভায় যুক্ত হতে পারেন। সাবেক কয়েকজন মন্ত্রী ও জ্যেষ্ঠ নেতার নামও শোনা যাচ্ছে এ তালিকায়। এ ছাড়া কয়েকটি বড় মন্ত্রণালয়ে রদবদল হতে পারে। করোনার সময়ে স্বাস্থ্য মন্ত্রণালয় নিয়ে অনেক সমালোচনা হচ্ছে।

এ মন্ত্রণালয়ে একজন প্রতিমন্ত্রী নিয়োগ দেওয়ার সম্ভাবনা প্রবল। এর বাইরেও রদবদলের যেকোনো গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত আসতে পারে বলে কয়েকটি সূত্র জানিয়েছে। তবে মন্ত্রিসভায় রদবদলের পুরো এখতিয়ার প্রধানমন্ত্রী শেখ হাসিনার। তিনি চাইলেই কেবল মন্ত্রিসভায় রদবদল বা নতুন মুখ আসা সম্ভব।

আওয়ামী লীগের একটি সূত্র জানায়, করোনা পরিস্থিতিতে সরকারের অনেক মন্ত্রণালয় ও বিভাগের কর্মকাণ্ড নিয়ে নানা মহলে প্রশ্ন উঠেছে। বিশেষ করে স্বাস্থ্য মন্ত্রণালয় বেশি আলোচিত। এ ছাড়া বর্তমান বৈশি^ক পরিস্থিতিতে গুরুত্বপূর্ণ কোনো কোনো মন্ত্রণালয়েও পরিবর্তনের আভাস আছে। ধর্ম প্রতিমন্ত্রী নিয়োগের সময় অন্য

দুয়েকটা মন্ত্রণালয়ে সংযোজন, বিয়োজন বা পরিবর্তন হতে পারে।

একাদশ জাতীয় সংসদ নির্বাচনের পর গত বছর ৬ জানুয়ারি টানা তৃতীয়বারের মতো শেখ হাসিনার নেতৃত্বে ৪৭ সদস্যের মন্ত্রিসভা গঠিত হয়। যাদের মধ্যে ২৭ জনই প্রথমবারের মতো মন্ত্রিসভায় স্থান পান।

মন্ত্রিসভায় প্রথম পরিবর্তন হয় স্বাস্থ্য প্রতিমন্ত্রী মুরাদ হাসানকে চার মাসের মাথায় তথ্য মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী করার মধ্য দিয়ে। এরপর ১২ জুলাই ইমরান আহমেদকে প্রতিমন্ত্রী থেকে প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়ের পূর্ণ মন্ত্রী এবং ফজিলাতুন নেসাকে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের নতুন প্রতিমন্ত্রী হিসেবে নিযুক্ত করা হয়। সর্বশেষ গত ফেব্রুয়ারি মাসে গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রী শ ম রেজাউল করিমকে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের দায়িত্ব দেওয়া হয়। সমাজকল্যাণ প্রতিমন্ত্রী শরীফ আহমেদকে গণপূর্তের প্রতিমন্ত্রী করা হয়। মৎস্য প্রতিমন্ত্রী আশরাফ আলী খানকে সমাজকল্যাণ প্রতিমন্ত্রী করা হয়।

উল্লেখ্য যে, সংবিধান অনুযায়ী মন্ত্রিসভার গঠন এবং এর রদবদল করার একক এখতিয়ার একমাত্র প্রধানমন্ত্রীর। প্রধানমন্ত্রী যখন বিবেচনা করবেন, তখনই তিনি মন্ত্রিসভায় রদবদল করতে বলবেন। তবে সাম্প্রতিক সময়ে আওয়ামী লীগের মধ্যে থেকেই মন্ত্রিসভার রদবদলের জন্যে এক ধরণের আকাঙ্ক্ষা তৈরি হয়েছে এবং এই নিয়ে আওয়ামী লীগের মধ্যে গুঞ্জনও কম নেই।

উত্তেজনা চরমে, আবারও রড নিয়ে ভারতীয় সীমান্তের কাছে চীনা বাহিনী

ভারতের সঙ্গে প্রায় ৪ হাজার ৩৮৮ কিলোমিটার এলাকাজুড়ে সীমানা রয়েছে চীনের। তাই সীমান্ত বিবাদ নিয়ে বহুবার সংঘর্ষে জড়িয়েছে এই দুই দেশ। সম্প্রতি আবারও উত্তপ্ত হয়ে উঠেছে সীমান্ত। লাদাখের

মুখপারি এলাকার রাজাংলায় সোমবার ভারতীয় সেনাদের অবস্থান লক্ষ্য করে হাতে রড, বর্শা ও লাঠি নিয়ে এগুনোর চেষ্টা করেছিল চীনা সেনারা। মঙ্গলবার ভারতের সরকারি সূত্রের বরাত দিয়ে দ্য হিন্দু এ তথ্য জানিয়েছে।

ভারতের দাবি, সোমবার সন্ধ্যায় চীনের পিপলস লিবারেশন আর্মির ৫০ থেকে ৬০ জন সদস্য লাদাখের ব্যাংহং হুনানে প্রকৃত নিয়ন্ত্রণরেখা (এলএসি) পেরিয়ে ভারতের দখলে থাকা একটি পাহাড়ের চূড়া দখলের চেষ্টা করে। এসময় ফাঁকা গুলি চালায় চীনের বাহিনী। এর জবাবে সতর্কতামূলক গুলি চালায় ভারতীয় সেনাবাহিনীও।

সময়মতো দু’পক্ষেরই উচ্চ পর্যায়ের কর্মকর্তাদের হস্তক্ষেপে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে। চীন অবশ্য দাবি করেছে, ভারতীয় সেনারা একতরফাভাবে এলএসি অতিক্রম করে ও গুলি ছোড়ে।

ভারতীয় সূত্র জানিয়েছে, হামলার সময় চীনা সেনাদের হাতে রড, বর্শা, লাঠি ও ধারালো অস্ত্র ছিল।

এ ব্যাপারে চীনের কোনো মন্তব্য পাওয়া যায়নি।

সূত্র- বিডি প্রতিদিন

যৌন হয়রানির অভিযোগ, ট্রাম্পের পক্ষে মার্কিন বিচার বিভাগ

যৌন হয়রানির অভিযোগ উঠার পর প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের পক্ষে লড়াইয়ের আগ্রহ প্রকাশ করেছে মার্কিন বিচার বিভাগ। ২০১৬ সালে মার্কিন প্রেসিডেন্ট পদে প্রার্থিতার ঘোষণার পর থেকে ট্রাম্পের বিরুদ্ধে একের পর এক যৌন হয়রানির অভিযোগ উঠে। এবারের অভিযোগটি একজন কলাম লেখকের।

১৯৯০ এর দশকে বিলাসবহুল ম্যানটহাটন ডিপার্টমেন্ট স্টোরের

ড্রেসিং রুমে এ ঘটনা ঘটে অভিযোগ করা হয়েছে। তবে ট্রাম্প বলেছেন, এ যৌন হয়রানির দাবি ‘পুরোপুরি মিথ্যা’ এবং বাদীনিকে তিনি ‘জীবনেও দেখেননি’।

মঙ্গলবার যুক্তরাষ্ট্রের বিচার বিভাগ বলেছে, ই. জিন ক্যারোল নামের সেই নারীর করা অবমাননা মামলায় ট্রাম্পের হয়ে লড়তে আগ্রহী।

সূত্র- বিডি প্রতিদিন

‘প্রাথমিক বিদ্যালয় খোলার নির্দেশনা দেয়নি মন্ত্রণালয়’

করোনা পরিস্থিতি পার হওয়ার পর পুনরায় স্কুল চালুর জন্য জনস্বাস্থ্য ও স্বাস্থ্যবিধি সংক্রান্ত যেসব নিয়ম মানতে হবে সে বিষয়ে একটি নির্দেশনা জারি করেছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। তবে প্রাথমিক বিদ্যালয় খোলার কোনো নির্দেশনা মন্ত্রণালয় থেকে দেওয়া হয়নি বলে জানিয়েছেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মো. আকরাম-আল-হোসেন।

তিনি বলেন, প্রাথমিক বিদ্যালয় খুলে দেওয়ার কোনো নির্দেশনা দেওয়া হয়নি। আমরা প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালককে নির্দেশ দিয়েছি, স্কুল খোলার জন্য প্রস্তুতির যে নির্দেশিকার অনুমোদন দিয়েছি—তা বিদ্যালয় পর্যায়ে সরবরাহ করে সবাইকে অবহিত করতে। একই সঙ্গে সচেতনতা তৈরির জন্য পোস্টার ও লিফলেটের ব্যবস্থা করতে বলেছি।

তিনি বলেন, যখনই খুলে দেওয়া হোক না কেন, বিশ্ব স্বাস্থ্য সংস্থাসহ আন্তর্জাতিক সংস্থাগুলোর শর্ত প্রতিপালন করে বিদ্যালয় খুলে দেওয়ার জন্য একটি নির্দেশিকা (স্কুল রি-ওপেনিং প্ল্যান) তৈরি করেছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। নির্দেশিকা অনুযায়ী, স্কুল খুলে দেওয়ার পর স্বাস্থ্যবিধি মেনে পরিচালিত হবে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সব কার্যক্রম। শিক্ষক-শিক্ষার্থীদের মুখে মাস্ক পরা, হাত পরিষ্কার, থার্মোমিটার ব্যবহার বাধ্যতামূলক করা

হবে। প্রতিদিন কীভাবে ক্লাস পরিচালনা হবে, সে বিষয়ে দিকনির্দেশনা নির্ধারণ করে আলাদাভাবে সাত ক্যাটাগরিতে ৩০টির মতো নির্দেশনা রয়েছে এই পরিকল্পনায়।

পরিকল্পনা অনুযায়ী, বিদ্যালয় খোলার সরকারি নির্দেশনার পর ন্যূনতম ১৫ দিন আগে শিক্ষক, কর্মচারী এবং বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির (এসএমসি) সদস্যদের উপস্থিতিতে পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম শুরু করতে হবে।

সূত্র- বিডি প্রতিদিন

খুলবে প্রাথমিক বিদ্যালয়, মানতে হবে ৫০টির বেশি নির্দেশনা

সরকারি প্রাথমিক বিদ্যালয় খোলার প্রস্তুতি শুরুর নির্দেশনা দেওয়া হয়েছে। বিদ্যালয় খুলতে স্বাস্থ্যবিধি বাস্তবায়নের নির্দেশনা দিয়েছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। আজ মঙ্গলবার প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের উপসচিব শামীম আরা নাজনীন স্বাক্ষরিত এ সংক্রান্ত একটি নির্দেশনা জারি করা হয়েছে।

নির্দেশনায় বলা হয়েছে, কভিড-১৯ পরিস্থিতিতে জনস্বাস্থ্য ও স্বাস্থ্যবিধি মেনে বিদ্যালয় পুনরায় চালুর নির্দেশিকা প্রণয়ন করা হয়েছে। বিদ্যালয় পুনরায় চালুর আগে অনুমোদিত নির্দেশিকার আলোকে প্রস্তুতি গ্রহণ করা প্রয়োজন। এ অবস্থায় কভিড-১৯ পরিস্থিতিতে জনস্বাস্থ্য ও স্বাস্থ্যবিধি মেনে বিদ্যালয় পুনরায় চালুর নির্দেশিকা স্কুল পর্যায়ে প্রেরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে নির্দেশক্রমে অনুরোধ করা হয়েছে।

একই সঙ্গে প্রস্তুতি প্রক্রিয়ার অংশ হিসেবে মন্ত্রণালয়ের সব পদক্ষেপ পোস্টার, লিফলেট তৈরি করে অভিভাবক ও শিক্ষার্থীদের মধ্যে বিতরণ করতে বলা হয়েছে। এর একটি খসড়াসহ উপস্থাপন করতে

অনুরোধ জানানো হয়েছে।

জানা গেছে, শিক্ষার্থীদের সুরক্ষা নিশ্চিতে বিদ্যালয় খোলার আগে স্বাস্থ্য নিরাপত্তামূলক এমন ৫০টির বেশি নির্দেশনা জারি করবে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। এসব নির্দেশনা মেনে পাঠদান কার্যক্রম পরিচালিত হবে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।

সূত্র-কালের কণ্ঠ

দেশেই হবে আন্তর্জাতিক মানের রাসায়নিক পরীক্ষা, সুযোগ পাবে বিদেশিরাও

আন্তর্জাতিক মান অনুসরণ করে বিভিন্ন রাসায়নিকের পরিমাপ নিয়ে গবেষণায় সংবিধিবদ্ধ সংস্থা প্রতিষ্ঠায় ‘বাংলাদেশ রেফারেন্স ইনস্টিটিউট ফর কেমিক্যাল মেজারমেন্টস বিল-২০২০’ পাস হয়েছে জাতীয় সংসদে। এখন থেকে বিদেশিরাও চাইলে বাংলাদেশ থেকে রাসায়নিক পরীক্ষা করাতে পারবে।

আজ মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে শুরু হওয়া অধিবেশনে বিল পাসের প্রস্তাব উত্থাপন করেন বিজ্ঞান ও প্রযুক্তিবিষয়ক মন্ত্রী ইয়াফেস ওসমান। পরে বিলটির ওপর বিরোধী দলের দেওয়া জনমত যাচাই-বাছাই কমিটিতে পাঠানোর প্রস্তাবগুলো কণ্ঠভোটে নাকচ হয়ে যায়। একইসঙ্গে বিলের উপর সংশোধনী প্রস্তাবগুলো নিষ্পত্তি করা হয়। গত ২৩ জুন বিলটি সংসদে উত্থাপন করা হয়।

বিলটি পাসের আগে বিরোধী দলের জনমত যাচাই ও বাছাই কমিটিতে পাঠানোর প্রস্তাবের জবাবে সংসদে মন্ত্রী বলেন, আইনটি প্রবর্তন হলে একটি বিশ্বমানের ইনস্টিটিউট প্রতিষ্ঠার মাধ্যমে দেশে আন্তর্জাতিকভাবে গ্রহণযোগ্য রাসায়নিক পরিমাপ সেবার সুযোগ সৃষ্টি হবে।

রাসায়নিকের পরিমাপ পরীক্ষা করতে ২০১২ সালের ১০ জুন বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদের (বিসিএসআইআর) অধীনে সর্বোচ্চ জাতীয় রেফারেন্স প্রতিষ্ঠান হিসেবে ডেজিগনেটেড রেফারেন্স ইনস্টিটিউট ফর কেমিক্যাল মেজারমেন্টস (ডিআরআইসিএম) চালু করা হয়। এটি বাংলাদেশে রাসায়নিক পরিমাপ বিজ্ঞানে গবেষণায় সর্বপ্রথম ও একমাত্র রেফারেন্স ইনস্টিটিউট। যেখানে ওষুধ শিল্পসহ অন্যান্য শিল্পে রাসায়নিক পরিমাপ বিজ্ঞান বিষয়ে সব গবেষণার সুযোগ রয়েছে।

সংসদে পাস হওয়া নতুন আইনে এটি বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অধীন সংবিধিবদ্ধ ইসস্টিটিউটটে রূপান্তরিত হবে, যার প্রধান হবেন মহাপরিচালক। পরিচালনা পর্ষদের সভাপতি হবেন বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সচিব। এই প্রতিষ্ঠান পরিমাপ ও রেফারেন্স পরিমাণ সেবা দেবে।

এছাড়া প্রফিসিয়েন্সি টেস্টিং ও ইন্টার-ল্যাবরেটরি কমপ্যারিজন সেবা দেবে। প্রতিষ্ঠানটি রাসায়নিক পরিমাপ বিজ্ঞান সংক্রান্ত সর্বোচ্চ আন্তর্জাতিক সংস্থাসহ অন্যান্য আঞ্চলিক সংস্থা এবং সমধর্মী দেশীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক প্রতিষ্ঠানের সঙ্গে যোগাযোগ রক্ষা করবে।

রিপোর্ট উত্থাপন
এদিকে সংসদ অধিবেশনের শুরুতে প্রশ্নোত্তর টেবিলে উত্থাপন ও জরুরি জনগুরুত্বপূর্ণ নোটিশের কার্যক্রম স্থগিত করা হয়। এরপর বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি)-এর বার্ষিক প্রতিবেদন ২০১৮-২০১৯ সংসদে উত্থাপন করেন ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রী মোস্তফা জব্বার। পরে আইন প্রণয়ন কার্যক্রম শুরু হয়।

গত ৬ সেপ্টেম্বর থেকে চলতি সংসদের নবম অধিবেশন শুরু হয়।

সূত্র- কালের কন্ঠ